

## প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষা শুরু রোববার

■ সমকাল প্রতিবেদক  
আগামী রোববার থেকে শুরু হচ্ছে চলতি বছরের 'প্রাথমিক শিক্ষা সমাপনী' ও মাদ্রাসার 'ইবতেদায়ি শিক্ষা সমাপনী' পরীক্ষা। বুধবার সচিবালয়ে সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার এ তথ্য জানান। প্রতিটি পরীক্ষা বেলা ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। তবে বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত ২০ মিনিট সময় বেশি রাখা হয়েছে। এ বছর এক লাখ ৯৮ হাজার শিক্ষার্থী বৃদ্ধি পেয়েছে জানিয়ে মোস্তাফিজুর রহমান ফিজার বলেন, 'এ বছর প্রাথমিক সমাপনীতে ২৯ লাখ ৪৯ হাজার ৬৩ পঞ্চম শ্রেণীতে পড়া শিক্ষার্থী ও ইবতেদায়ি সমাপনীতে তিন লাখ পাঁচ হাজার ৪৫১ জন অংশ নেবে।' পরীক্ষায় ছাত্রীর সংখ্যা দুই লাখ ৩৫ হাজার ৯৫৩ জন বেশি জানিয়ে মন্ত্রী বলেন, 'প্রাথমিক শিক্ষা সমাপনীতে ১৩ লাখ ৫৬ হাজার ৫৫৫ ছাত্র ও ১৫ লাখ ৯২ হাজার ৫০৮ ছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। ইবতেদায়িতে এক লাখ ৬০ হাজার ৫৬১ জন ছাত্র ও এক লাখ ৪৪ হাজার ৮৯০ জন ছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে।'

প্রাথমিক সমাপনীর জন্য দেশের বাইরে ১১টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। মন্ত্রী বলেন, 'মোট ছয়টি বিষয়ে পরীক্ষা নেওয়া হবে। প্রতি বিষয়ে ১০০ করে মোট ৬০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে।'

২০০৯ সালে প্রথম প্রাথমিক সমাপনী শুরু হয়। ইবতেদায়ি সমাপনী শুরু হয় আরও এক বছর পর। সে অনুযায়ী সপ্তমবারের মতো প্রাথমিক সমাপনী ও ষষ্ঠবারের মতো ইবতেদায়ি সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি :  
প্রাথমিক সমাপনীতে, ২২ নভেম্বর ইংরেজি, ২৩ নভেম্বর বাংলা, ২৪ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২৫ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৬ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা এবং ২৯ নভেম্বর গণিত, পরীক্ষা হবে। ইবতেদায়ি সমাপনীতে ২২ নভেম্বর ইংরেজি, ২৩ নভেম্বর বাংলা, ২৪ নভেম্বর পরিবেশ পরিচিতি সমাজ ও পরিবেশ পরিচিতি বিজ্ঞান, ২৫ নভেম্বর আরবি, ২৬ নভেম্বর কোরআন ও তাজবিদ এবং ত্বাকাঈদ ও ফিকহু, ২৯ নভেম্বর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।